

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৬৫

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গতকাল ২ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘উদীচী কান্ডে মুখ পুড়ল সরকারের-তীব্র চাপের মুখে পূজো বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করতে হলো’ শিরোনামে প্রকাশিত সংবাদটি পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমারের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে জেলাশাসক জানিয়েছেন, উদীচী ক্লাব এবং আপনজন ক্লাবের বিরুদ্ধে দুটি অভিযোগ প্রশাসনের কাছে জমা হয়। পুলিশ দ্রুত এই বিষয়ে ব্যবস্থা নেয়। অভিযোগকারী এবং যাদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল তাদের তদন্তের জন্য ডাকা হয়।

জেলাশাসক জানিয়েছেন, পূর্ণাঙ্গ তদন্ত এবং আলোচনার পর অভিযোগকারীগণ প্রশাসনকে জানান, ক্লাব সদস্য এবং তাদের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে। অভিযোগকারীগণ স্বেচ্ছায় তাদের অভিযোগ তুলে নেন এবং প্রশাসনিক হস্তক্ষেপের প্রশংসা করেন। অভিযোগ তুলে নেওয়ার পর তারা স্থানীয় জনগণের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন এবং স্থানীয় জনগণ পূজার আয়োজন করতে আগ্রহ প্রকাশ করে। পূজার আয়োজন সমাজে আস্থা এবং রীতি রেওয়াজ হওয়ায় তৎক্ষণাত্‌ প্রশাসন দুটি ক্লাবকেই পূজার আয়োজন করার অনুমতি দেয়।

জেলাশাসক জানিয়েছেন, কোন পূজা কমিটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার উপযুক্ত কোন কারণ নেই। এটাও উল্লেখ্য যে তারা সবধরনের নীতি নির্দেশিকা সম্পন্ন করেছে। আমাদের রাজ্য একটি কল্যাণকামী রাজ্য এবং প্রতিটি নাগরিকের নায্য দাবি পূরণ করা সরকারের কর্তব্য। তাছাড়া শারদ উৎসব এই অঞ্চলে সর্ববৃহৎ উৎসব। অনেক গরীব অংশের মানুষ, ডেকোরেটর, মৃৎ শিল্পী এই পূজা প্যাভেলের সঙ্গে যুক্ত। এসব কথা বিবেচনা করেই প্রশাসন পূজা কমিটিকে পূজার আয়োজনে অনুমোদন দিয়েছে। পূজা কমিটিগুলি প্রশাসনকে সহযোগিতা করা এবং এলাকায় শান্তি এবং সৌভ্রাতৃত্ব রক্ষার বিষয়ে লিখিতভাবে প্রতিশ্রুতি দিয়েছে।
